# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ (৮৩. হায়িযগ্রস্তা স্ত্রীর সঙ্গে মেলামেশা ও পানাহার করা প্রসঙ্গে)

باب فِي مُبَاشَرَةِ الْحَائِضِ وَمُؤَاكَلَتِهَا

---

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ مُحَمَّدِ بْنِ بَكَّارٍ، حَدَّثَنَا مَرْوَانُ، ـ يَعْنِي ابْنَ مُحَمَّدٍ ـ حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا الْعَلاَءُ بْنُ الْحَارِثِ، عَنْ حَرَامِ بْنِ حَكِيمٍ، عَنْ عَمِّهِ، أَنَّهُ سَأَلَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم مَا يَحِلُّ لِي مِنَ امْرَأَتِي وَهِيَ حَائِضٌ قَالَ " لَكَ مَا فَوْقَ الإِزَارِ " . وَذَكَرَ مُؤَاكَلَةَ الْحَائِضِ أَيْضًا وَسَاقَ الْحَدِيثَ .

ـ صحيح

বাংলা

২১২। হারাম ইবনু হাকীম থেকে তার চাচার সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলেন, আমার স্ত্রী হায়িয অবস্থায় আমার জন্য কতটুকু হালাল? তিনি বললেন, পায়জামার উপরের অংশ তোমার জন্য হালাল। তিনি ঋতুবতী স্ত্রীকে নিয়ে একত্রে পানাহার করার কথাও উল্লেখ করলেন। অতঃপর শেষ পর্যন্ত হাদীস বর্ণনা করেন।[1]

সহীহ।

## English

Narrated Abdullah ibn Sa'd al-Ansari:

Abdullah asked the Messenger of Allah (ﷺ): What is lawful for me to do with my wife when she is menstruating? He replied: What is above the waist-wrapper is lawful for you.

The narrator also mentioned (the lawfulness of) eating with a woman in menstruation, and he transmitted the tradition in full.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ঋতুবতী নারীর সাথে একত্রে পানাহার এবং তাদের উচ্ছিষ্ট সম্পর্কে, হাঃ ১৩৩), ইবনু মাজাহ (হাঃ ১০৭৩) আল-আ'লা সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। হায়িযগ্রস্তা স্ত্রীর কাপড়ের (পায়জামার) উপর দিয়ে স্বামীর জন্য মেলামেশা করা জায়িয। অর্থাৎ স্বামীর জন্য ঋতুবতীর গুপ্তাঙ্গ ব্যতীত সব কিছুর সাথে আনন্দ ভোগ করা বৈধ। তবে এরূপ অবস্থায় স্ত্রীর গুপ্তাঙ্গের উপর কাপড়ে ফেলে রাখতে হবে। তা আলোচ্য হাদীসসহ অন্য হাদীসেও সুস্পষ্টভাবে এসেছে।

২। শরঈ হুকুম জাবার জন্য লজ্জাকর বিষয়েও প্রশ্ন করা বৈধ।

৩। হায়িয অবস্থায় যৌন সম্ভোগ বর্জন করাই অতি উত্তম। এ আশঙ্কায় যে, হয় তো তা স্ত্রীর গুপ্তাঙ্গে মেলামেশার দিকে ধাবিত করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57530

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন